

ইলেকট্রিশিয়ান লাইসেন্সের জন্য আবেদনের নিয়মাবলি

নতুন আবেদনের ক্ষেত্রে:

- শ্রেণি** : প্রার্থী 'সি' বা 'বিসি' বা 'বি' বা 'এ' বা 'এবি' বা 'এবিসি' শ্রেণির জন্য আবেদন করিতে পারিবে। তবে শর্ত থাকে যে, 'বি' বা 'এবি'-শ্রেণির আবেদনের জন্য 'সি'-শ্রেণি এবং 'এ'-শ্রেণির আবেদনের জন্য 'বিসি'-শ্রেণির লাইসেন্স প্রাপ্ত হতে হবে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন** : বিজ্ঞপ্তি প্রকাশের পর বিজ্ঞপ্তিতে উল্লিখিত সময়ের মধ্যে ইলেকট্রিশিয়ান লাইসেন্স পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রত্যেক প্রার্থীকে নির্ধারিত কোডে চালানোর মাধ্যমে উল্লিখিত লাইসেন্স ফি'র টাকা ব্যাংকে এবং সেন্টার ফি'র টাকা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করে নিম্নবর্ণিত দলিলাদিসহ অনলাইনে আবেদন করতে হবে, যথা- (ক) প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি; (খ) প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার সনদপত্র; (গ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান বা লাইসেন্সপ্রাপ্ত কোনো বৈদ্যুতিক ঠিকাদার কর্তৃক প্রদত্ত অভিজ্ঞতা সনদ; (ঘ) জাতীয় পরিচয়পত্র; এবং (ঙ) ফি প্রদান সম্পর্কিত চালানোর কপি।
- ইলেকট্রিশিয়ান লাইসেন্সের জন্য প্রার্থীর যোগ্যতা** : ইলেকট্রিশিয়ান লাইসেন্সের জন্য প্রার্থীর নিম্নবর্ণিত যোগ্যতা থাকতে হবে, যথা:- (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে; (খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে ইলেকট্রিক্যাল ট্রেডের উপর অন্যান্য ৬(ছয়) মাসের প্রশিক্ষণ অথবা স্বীকৃত প্রতিষ্ঠানে বৈদ্যুতিক কাজে অন্যান্য ২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে; (গ) বয়স সর্বনিম্ন ১৮(আঠার) বৎসর হতে হবে।
- আবেদনের ফিসমূহ** :

শ্রেণি	ফি
সি	৯০/- টাকা
বি	১৫০/- টাকা
বিসি	২৪০/- টাকা
এ	৩০০/- টাকা
এবি	৪৫০/- টাকা
এবিসি	৫৪০/- টাকা
- চালানোর কোড নম্বর** : ১ ৫৬৩১ ০০০০ ১৮৫৪
- কোথায় চালান জমা দিবেন** : বাংলাদেশ ব্যাংক বা সোনালী ব্যাংক লি:
- সেন্টার ফি** : প্রতি শ্রেণির জন্য ৩০০ টাকা হারে মোবাইল ব্যাংকিং, ক্রেডিট কার্ড অথবা ইন্টারনেট ব্যাংকিং এর মাধ্যমে সেন্টার ফি এর টাকা পরিশোধ করতে হয়।
- কোথায় আবেদন করবেন** : অনলাইনে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয় নিম্নে দেয়া হলো:

রেজিস্ট্রেশন পদ্ধতি	ক)	প্রথমে যে কোনো ওয়েব ব্রাউজার থেকে e-service.ocei.gov.bd লিংকে প্রবেশ করুন।
	খ)	Registration বাটনে ক্লিক করুন ও User Registration Form পূরণ করুন এবং Submit বাটনে ক্লিক করুন।
	গ)	মোবাইলে একটি চার ডিজিট এর OTP যাবে সেটি ফরমে নির্ধারিত স্থানে ব্যবহার করুন এবং Submit বাটনে ক্লিক করুন।
লগইন	ঘ)	User ID হিসেবে নিজেদের মোবাইল নম্বর (ইংরেজি ডিজিট) অথবা ই-মেইল ব্যবহার করুন।
	ঙ)	Password হিসেবে রেজিস্ট্রেশন এ প্রদত্ত পাসওয়ার্ড ব্যবহার করুন।
	চ)	Login বাটনে ক্লিক করুন।
এপ্লিকেশন পদ্ধতি	ছ)	Application Menu তে ক্লিক করুন এবং সাবমেনু থেকে আপনার কাজিত এপ্লিকেশন (ইলেকট্রিশিয়ান লাইসেন্স এপ্লিকেশন) এ ক্লিক করুন।
	জ)	আবেদনের নিয়মাবলিগুলি বিস্তারিতভাবে পড়ুন এবং I Agree বাটনে ক্লিক করুন।
	ঝ)	যে ফরমটি পাবেন তাতে আপনার নিজের ব্যক্তিগত তথ্যগুলি যেমন স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানা সঠিকভাবে ইংরেজি ঘরে ইংরেজিতে এবং বাংলার ঘরে বাংলাতে পূরণ করুন এবং <u>শিক্ষাগত যোগ্যতা</u> এর ঘরে সকল তথ্য পূরণ করে অবশ্যই পরীক্ষা পাশের সার্টিফিকেট সংযুক্ত করুন। তারপরে চাকরির অভিজ্ঞতার ঘরটি যথার্থভাবে পূরণ করুন।
ঞ)	সংযুক্তিতে আপনার ছবি ও স্বাক্ষর সংযুক্ত করে I hereby declare এর বাম পাশের চেক বক্সে ক্লিক করুন এবং Save & Next বাটনে ক্লিক করুন।	
ফি প্রদান পদ্ধতি	ট)	(১) বাংলাদেশ ব্যাংক অথবা সোনালী ব্যাংকে ট্রেজারী চালান এর মাধ্যমে নির্ধারিত লাইসেন্স ফি পরিশোধ করে চালান এর স্ক্যান কপি সংরক্ষণ করুন। License Fee এর ঘরে ব্যাংকের নাম, ব্রাঞ্চার নাম, চালান নং, তারিখ ও চালানোর স্ক্যান কপি সংযুক্ত করে "Save Payment Info" বাটনে ক্লিক করুন। (২) Center Fee পরিশোধ এর জন্য Make Payment বাটনে ক্লিক করুন এবং মোবাইল ব্যাংকিং, ক্রেডিট কার্ড অথবা ইন্টারনেট ব্যাংকিং এর মাধ্যমে সেন্টার ফি এর টাকা পরিশোধ করুন।
	ঠ)	পেমেন্ট কমপ্লিট হওয়ার পর ড্যাশবোর্ড এর Application List থেকে "Final Submit" বাটন এ ক্লিক করুন। Application এ কোনো ধরনের সংশোধন এর প্রয়োজন থাকলে "Final Submit" বাটনে ক্লিক করার পূর্বেই "EDIT" বাটন এ ক্লিক করে তথ্য সংশোধন করে Save করুন। উল্লেখ্য Final Submit করার পর আর কোন তথ্য সংশোধন করা যাবে না। সফল ভাবে Application সম্পন্ন হলে পপ আপে Your Application Successfully Submitted দেখাবে। Dashboard এর List এ Application Status "Submitted" দেখাবে।

অন্যান্য তথ্যঃ

- ❖ পরীক্ষার তারিখ, সময় পরবর্তীতে SMS এর মাধ্যমে জানানো হবে এবং প্রত্যেক পরীক্ষার্থী e-service.ocei.gov.bd হতে প্রবেশপত্র ডাউনলোড করে প্রবেশপত্রের কপিসহ শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা সনদ ও সংযুক্ত ট্রেজারী চালানোর মূলকপিসহ পরীক্ষার সময় উপস্থিত থাকতে হবে।
- ❖ যে সকল প্রার্থী A/AB/ B শ্রেণির জন্য আবেদন করবেন, তাদের পূর্বের লাইসেন্স এর মেয়াদ কমপক্ষে ৬(ছয়) মাস থাকতে হবে।
- ❖ প্রার্থী যে তারিখে আবেদন করবেন তার ২(দুই) মাস পূর্বের কোন জমাকৃত চালান গ্রহণযোগ্য হবে না এবং জমাকৃত ট্রেজারী চালানোর টাকা ও সেন্টার ফিসের টাকা ফেরৎ যোগ্য নয়।
- ❖ যে সকল প্রার্থী পূর্বে রেজিস্ট্রেশন করেছেন তাদেরকে পুনরায় রেজিস্ট্রেশন না করে পূর্বের [User ID](#) এবং [Password](#) দিয়ে লগইন করে আবেদন করতে হবে। উল্লেখ্য একই মোবাইল/ই-মেইল/এনআইডি নম্বর একাধিকবার ব্যবহার করা যাবে না।
- ❖ অসম্পন্ন আবেদন বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ❖ Online-এ আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে সম্পন্ন করবেন। এ ক্ষেত্রে অন্য মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারণিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।